# খুলনা সিটি কর্পোরেশন

খুলনা।

**শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ১ম সভার কার্যবিবরনী ঃ**

সভার তারিখ ও সময় ঃ ০৭/৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিরোজ বার, বেলা- ১০.০০টা।
সভার স্থান ঃ জি আই জেড সম্মেলন কক্ষ
সভাপতি ঃ জনাব শেখ মোহাম্মাদ আলী, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৫, খুলনা সিটি কর্পোরেশন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষর অনুসারে)।

১। জনাব মোঃ আব্দুস সালাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩, খুলনা সিটি কর্পোরেশন সদস্য।
২। জনাব মোঃ শরিফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১০, খুলনা সিটি কর্পোরেশন সদস্য।
৩। জনাব রাফিজা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৩, খুলনা সিটি কর্পোরেশন সদস্য।
৪। জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৭, খুলনা সিটি কর্পোরেশন সদস্য।

সভায় উপস্থিত কর্মকর্তা।

১। জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন

সভার শুরুতে শিক্ষা ও সংস্কৃতি শাখার পক্ষ হতে নবগঠিত শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সকল সদস্যকে ফুল দ্বারা শুভেচ্ছা জানানো হয়। অতপর; সভাপতি সাহেব সকলের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভার কাজ শুরু করার জন্য শিক্ষা ও সংস্কৃতি অফিসার জনাব মোঃ এসকেএম তাছাদুজ্জামানকে অনুরোধ করেন। শিক্ষা ও সংস্কৃতি অফিসার সভার আলোচ্যসূচী গুলি পাঠ করে শুনান।

**আলোচ্যসূচী-০১ ঃ আগামী "১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান, প্রাথমিক পর্যায়ে শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, আলোচনা সভা, পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ।**

**আলোচনা ও সুপারিশ ঃ** বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আগামী ১৭ মার্চ রবিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সিটি কর্পোরেশনের পক্ষ হতে সকাল ০৮.০০ টায় জেলা প্রশাসনের কালেক্টরেট চত্বরে এবং সকাল ০৮.৩০ টায় নগর ভবনের নিচ তলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান পূর্বক ০৯.০০ টায় ০৩টি বিভাগে ভাগ করে **প্লে শ্রেণি - নার্সারী শ্রেণি "ক" বিভাগ (উন্মুক্ত), ১ম শ্রেণি ও ২য় শ্রেণি "খ" বিভাগ (মুক্তিযুদ্ধ ভিত্তিক)** এবং **৩য় শ্রেণি - ৫ম শ্রেণি "গ" বিভাগ (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণের চিত্র)** শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং **৬ষ্ঠ শ্রেণি - ৮ম শ্রেণি "ঘ" বিভাগ (রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান), ৯ম ও ১০ শ্রেণি "ঙ" বিভাগ (চিরঞ্জীব মুজিব; সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা)** শিক্ষার্থীদের মাঝে রচনা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সুপারিশ করা হয়। অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভাপতি জনাব শেখ মোহাম্মাদ আলী, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৫, কেসিসি স্থায়ী কমিটির সকল সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য **জনাব তালুকদার আব্দুল খালেক, মাননীয় মেয়র, কেসিসি** এর নাম প্রস্তাব করা হয়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকার জন্য **জনাব এস এম রফিউদ্দিন আহম্মেদ**, মেয়র প্যানেল সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭, কেসিসি, **জনাব এস এম খুরশিদ আহম্মেদ**, মেয়র প্যানেল সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, কেসিসি, **জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু**, মেয়র প্যানেল সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৫, কেসিসি ও সকল কাউন্সিলরের নাম প্রস্তাব করা হয়। চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠানের উদ্বোধন করার জন্য জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা(যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশনের নাম প্রস্তাব করা হয়।

উক্ত অনুষ্ঠানের সার্বিক যাতায়াত ও যোগাযোগের জন্য গাড়ীর ব্যবস্থা করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) এবং প্রতিযোগিদের প্রাথমিক চিকিৎসা সেবা দেয়ার জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশনকে অনুরোধ জানানো হয়।

উক্ত রচনা প্রতিযোগিতার বিচারকার্য সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সচিব, খুলনা সিটি কর্পোরেশনকে প্রধান করে ০৪(চার) জন এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিচারকার্য সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশনকে প্রধান করে ০৪(চার) জন মোট ০৮(আট) জন বিচারকের নাম চুড়ান্ত করে তাদের উপস্থিতির ব্যবস্থাসহ অনুষ্ঠানে সার্বিক নিরাপত্তার জন্য কেএমপি পুলিশ কমিশনার বরাবর পত্র দেওয়ার ব্যবস্থা করার জন্য শিক্ষা ও সাংস্কৃতিক অফিসারকে অনুরোধ জানানো হয়।

আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে খুলনা সিটি কর্পোরেশনের গৃহীত সকল কর্মসূচী ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান, শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান সম্পর্কে সকলকে অবহিত করার জন্য সিটি কর্পোরেশনের ওয়েবসাইট ও ০১(এক)টি স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার সুপারিশ হয়।

**অনুষ্ঠান পরিচালনা ও ক্রয় উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব শেখ মোহাম্মাদ আলী, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭, খুলনা সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২ | জনাব মোঃ আব্দুস সালাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য। |
| ৩ | জনাব রাফিজা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৩, কেসিসি। | সদস্য। |
| ৪ | জনাব সানজিদা বেগম, সচিব(সিনিয়র সহকারী সচিব), খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৫ | জনাব আবির-উল-জব্বার, প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৬ | জনাব মুহম্মদ ইমরান হোসেন, সহঃ হিসাব রক্ষন কর্মকর্তা(অডিট), খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৭। | জনাব মোঃ মনিরুজ্জামান রহিম, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য। |
| ৮। | জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য-সচিব। |

**আপ্যায়ণ প্রস্তুত ও বন্টন উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শরিফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০, খুলনা সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২ | জনাব আবির-উল-জব্বার, চীফ প্লানিং অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৩ | জনাব এসকেএম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৪ | জনাব মোঃ আব্দুর রাকিব, সহকারী কনঃ অফিসার, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫ | জনাব মোঃ নাইমুজ্জামান, নিম্নমান সহকারী, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬ | জনাব মোঃ মনির হোসেন, অফিস সহকারী, সাধারন শাখা, খুলনা সিটি কর্পোরেশন | সদস্য |
| ৭ | জনাব শেখ নুরুল আমিন, উচ্চমান সহকারী(রেকর্ড), খুলনা সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |

**প্রামান্য চিত্র প্রদর্শনী উপ-কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), খুলনা সিটি কর্পোরেশন। | আহবায়ক |
| ২ | জনাব শেখ হাসান হাসিবুল হক, আই টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৩ | জনাব মোঃ মনিরুজ্জামান রহিম, লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৪ | জনাব মোঃ জাকির আহমেদ, আই টি সহকারী, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য |
| ৫ | জনাব শেখ তরিকুল আলম, আই টি সহকারী, খুলনা সিটি কর্পোরেশন। | সদস্য সচিব |

**১৭ মার্চ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান, শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনা ও সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ভাবে ব্যয় অনুমোদনেরও সুপারিশ করা হয়।**

| ক্রঃ | বিবরন | | টাকা | উৎসকর | ভ্যাট |
|---|---|---|---|---|---|
| ১ | পুরস্কার ক্রয় (৭.৫% ভ্যাট) চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য | ক বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | খ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | গ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | পুরস্কার ক্রয় (৭.৫% ভ্যাট) রচনা প্রতিযোগিতার জন্য | ঘ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| | | ঙ বিভাগ (১ম ২,৩০০/- ২য় ১,৮০০/- ৩য় ১,৪০০/-টাকা) | ৫,৫০০/- | - | ৪১২/- |
| ২ | আপ্যায়ন (৫% ভ্যাট) | ১০০০ প্যাকেট X ৮৫/- টাকা (কমলা+ডিম+পানি+বনরুটি+মিষ্টি+খেজুর+প্যাকেট) | ৮৫,০০০/- | - | ৪,২৫০/- |
| ৪ | সৌজন্য পুরস্কার (৭.৫% ভ্যাট) | ৮০০ জনX১২০/-টাকা(অংশ গ্রহনকারী সকল প্রতিযোগির জন্য) | ৯৬,০০০/- | - | ৭,২০০/- |
| ৫ | সাউন্ড সিষ্টেম (১৫% ভ্যাট) | ০২ পেয়ার | ৫,০০০/- | - | ৭৫০/- |
| ৬ | দাওয়াত পত্র ও খাম (১০% ভ্যাট) | ২০০ পিচ | ৭,০০০/- | - | ৭০০/- |
| ৭ | ব্যানার (১০% ভ্যাট) | ০৩টি | ৬,০০০/- | - | ৬০০/- |
| ৮ | রেকর্ডিংসহ মাইকিং (১৫% ভ্যাট) | ০২দিন (ইজিবাইক সহকারে) | ৫,০০০/- | - | ৭৫০/- |
| ৯ | ফটোগ্রাফার (১৫% ভ্যাট) | ইলেক্ট্রোনিক্স ও প্রিন্ট মিডিয়া | ৪,০০০/- | - | ৬০০/- |
| ১০ | অংশগ্রহনকারী শিশুদের ম্যাঙ্গোবার (৭.৫% ভ্যাট) | (৮০০ X ৮/-টাকা) | ৬,৪০০/- | - | ৪৮০/- |
| ১১ | যাতায়াত (চিঠি প্রেরণ) (৭.৫% ভ্যাট) | | ৩,০০০/- | - | ২২৫/- |
| ১২ | ডেকোরেশন (১৫% ভ্যাট) | (ম্যাট, ফরাস, গালিচা, চেয়ার, ষ্টেজ, ব্যাকস্কিন) | ১৬,০০০/- | - | ২,৪০০/- |
| ১৩ | বিচারকদের সম্মানী (উৎস কর ১০%) | ৮জন X ১,৫০০/- টাকা | ১২,০০০/- | ১,২০০/- | - |
| ১৪ | ফুল ও বেলুন দ্বারা সজ্জিতকরণ (৭.৫% ভ্যাট) | ব্যাক স্কিন ও অনুষ্ঠানস্থল | ৬,০০০/- | - | ৪৫০/- |
| ১৫ | ০১ টি কার্পেটিং মালা (৭.৫% ভ্যাট) | জেলা প্রশাসনের কালেক্টরেট চত্বরের জন্য | ৬,০০০/- | - | ৪৫০/- |
| ১৬ | গেট (১৫% ভ্যাট) | ০১ টি | ৬,০০০/- | - | ৯০০/- |
| ১৭ | কার্টিজ পেপার ও রচনার কাগজ(৭.৫% ভ্যাট) | ৯০০ পিচ + ০১ রিম | ৮,০০০/- | - | ৬০০/- |
| ১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যূরালে পুষ্পস্তবক অর্পন (৭.৫% ভ্যাট) | ৩ টি কার্পেটিং মালা, ০১ টি গাঁদা ফুলের মালা(বড়) ও ০১টি ফুলের ট্রে | ১১,৫০০/- | - | ৮৬২/- |
| ১৯ | সার্টিফিকেট তৈরী, লেখা ও খাম (৭.৫% ভ্যাট) | | ৫,০০০/- | - | ৩৭৫/- |
| ২০ | ছোট পানি, টিস্যু ও পানির ক্যান (৭.৫%) | | ২,০০০/- | - | ১৫০/- |
| ২১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর প্রামান্য চিত্র প্রদর্শনী (১৫% ভ্যাট) | | ৩,০০০/- | - | ৪৫০/- |
| ২২ | ষ্ট্যান্ড ফ্যান (১৫% ভ্যাট) | ০৮ টি | ৩,২০০/- | - | ৪৮০/- |
| ২৩ | বিবিধ (৭.৫% ভ্যাট) | | ৩,০০০/- | - | ২২৫/- |
| | | মোট – | ৩,২৬,৬০০/- | ১,২০০/- | ২৪,৯৫৭/- |

এমতাবস্থায়, উল্লিখিত সর্বমোট (৩,২৬,৬০০/- + ১২০০/- + ২৪,৯৫৭/-)= ৩,৫২,৭৫৭/-(তিন লক্ষ বায়ান্ন হাজার সাতশত সাতান্ন) টাকার মধ্য হতে ভ্যাট বাবদ ২৪,৯৫৭/-(চব্বিশ হাজার নয়শত সাতান্ন) টাকা এবং উৎস কর বাবদ ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা মোট (২৪,৯৫৭/- + ১,২০০/-)= ২৬,১৫৭/-(ছাব্বিশ হাজার একশত সাতান্ন) টাকা বিধি মোতাবেক সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক ৩,২৬,৬০০/- (তিন লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত) টাকা শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার জনাব এস কে এম তাছাদুজ্জামানকে ভাউচার সমন্বয় সাপেক্ষে অগ্রিম প্রদান এবং আগামী সাধারণ সভায় অনুমোদন করার বিষয়ে সুপারিশ করা হয়।

**আলোচ্যসূচী-০২ ঃ ২৬ মার্চ স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কর্মপরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ।**

**আলোচনা ও সুপারিশ ঃ** বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আগামী ২৬ মার্চ মঙ্গলবার মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনার সাথে সমন্বয় রেখে প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কর্মসূচী প্রনয়ণের সুপারিশ করা হয়।

**বিবিধ ঃ ০১।** শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সদস্য জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭, কেসিসি উপস্থিত সকল সদস্যর দৃষ্টি আকর্ষণ করে বলেন, খুলনা সিটি কর্পোরেশনের ভাতায় পরিচালিত মক্তব ও ফোরকানিয়া মাদ্রাসা গুলি পরিদর্শনপূর্বক নীতিমালা মোতাবেক শিক্ষক প্রতি শিক্ষার্থীর উপস্থিতির বিষয়ে প্রত্যেক প্রতিষ্ঠানের সভাপতি, শিক্ষককে পত্র দেওয়া এবং ওয়ার্ডের সম্মানিত ও সংরক্ষিত আসনের কাউন্সিলরদের শিক্ষার্থী উপস্থিতির বিষয়ে নজরদারীর জন্য পত্র দেওয়ার সুপারিশ করা হয়।

০২। খুলনা সিটি কর্পোরেশন এলাকায় পরিচালিত কোচিং সেন্টার, টিউটরিয়াল স্কুল গুলি নিবন্ধনের বিষয়ে সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৩য় অধ্যায়ের ১১১,১১৩,১১৪ ও ১১৫ নং অনুচ্ছেদ মোতাবেক উল্লেখ আছে কর্পোরেশন এলাকায় বেসরকারিভাবে বা ব্যক্তিগতভাবে পরিচালিতব্য টিউটরিয়াল স্কুল বা কোচিং সেন্টার নিবন্ধনের জন্য কর্পোরেশন কর্তৃক নির্দিষ্টকৃত ফিস জমা দিয়া মেয়র বরাবর আবেদন করিতে হইবে এবং মেয়র বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা, প্রয়োজনীয় তদন্ত করিয়া সন্তুষ্ট হইলে কর্পোরেশনের সভার অনুমোদনক্রমে, সংশ্লিষ্ট টিউটোরিয়াল স্কুল বা কোচিং সেন্টারকে নিবন্ধন করিবেন এবং ক্ষেত্রবিশেষ, উহাদের মাসিক টিউটোরিয়াল বা কোচিং ফিস ধার্য করিয়া দিবেন। এ বিষয়ে আইন মোতাবেক কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রনয়ণ করে শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির পরবর্তী সভায় এজেন্ডা আকারে উপস্থাপন করার জন্য সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২।৩।২৪

**জনাব শেখ মোহাম্মাদ আলী**
সভাপতি
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও
স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৫
খুলনা সিটি কর্পোরেশন।